



# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

**DHAKA POWER DISTRIBUTION COMPANY LTD.**

(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)

Website: www.dpdc.gov.bd



স্মারক নং- ৮৭.৪০৪.৪০১.১০.০২.০০২.২০১৯.৪৩২

তারিখ: ০৯ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ  
২৩ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) একটি সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে এর নির্ধারিত ভৌগোলিক এলাকায় বিদ্যুৎ সরবরাহ, পরিচালন ও সংরক্ষণ এবং বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে। কোম্পানির নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক [প্রতিবার চুক্তি সর্বোচ্চ ০৩ বৎসরের জন্য (প্রথমবার এক বৎসর শিক্ষানবীশ কালসহ)] নিয়োগের লক্ষ্যে সং, নিবেদিত, উদ্যোগী, প্রতিকূল অবস্থায় চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী এবং কোম্পানি কর্তৃক নির্ধারিত কাজ করার মানসিকতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। সংস্থা কর্তৃক নির্দিষ্ট লক্ষ্যমাত্রা পূরণ করা সাপেক্ষে ও সন্তোষজনক কাজের ভিত্তিতে চুক্তিভিত্তিক চাকরির মেয়াদ ০৩ (তিন) বৎসর অন্তর অন্তর নবায়ন করত: সর্বোচ্চ ৬০(ষাট) বৎসর পর্যন্ত বৃদ্ধি হতে পারে।

১. পদের নাম : কমপ্লেন্স সুপারভাইজর।

২. পদ সংখ্যা : ১৩ (তের) টি। তবে সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। এ লক্ষ্যে প্রয়োজনে প্যানেল সংরক্ষণ করা হতে পারে।

৩. শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা সমতুল্য। গ্রাহকসেবা/ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন এবং কম্পিউটার পরিচালনার যোগ্যতা থাকতে হবে। কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণী বা সমতুল্য গ্রহণযোগ্য নয়।

৪. দায়িত্ব: গ্রাহকের অভিযোগ গ্রহণ ও নির্দিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করা, গ্রাহকের অভিযোগ তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে অবহিত করা, গ্রাহকের অভিযোগ সমাধানের পর গ্রাহককে ফোনে অবহিত করা। কোন অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি না হলে পুনরায় কর্তৃপক্ষকে অবহিত করা, কোন অভিযোগ যুক্তিসঙ্গত কারণে নিষ্পত্তি করা না গেলে গ্রাহককে অনতিবিলম্বে কারণ অবহিত করা এবং কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

৫. বেতন ও অন্যান্য ভাতাদি:

ক্রমিক	পদবী	মূল বেতন (টাকা)	বাড়ি ভাড়া ভাতা	যাতায়াত ভাতা (টাকা)	চিকিৎসা ভাতা (টাকা)
১	কমপ্লেন্স সুপারভাইজর	মাসিক ৳ ২৭,০০০/-	মূল বেতনের ৬০% তবে নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় মূল বেতনের ৫০%	মাসিক ৳ ৩,৫০০/-	মূল বেতনের ১০% হারে অথবা ন্যূনতম ৳ ২,০০০/-

তাছাড়া প্রতি বৎসর দুইটি উৎসব বোনাস, বাংলা নববর্ষ ভাতা, কন্সিডিবিউটির প্রভিডেন্ট ফান্ড, গ্রুপ ইন্সুরেন্স ও ছুটি নগদায়ন সুবিধাসহ কোম্পানির প্রচলিত নিয়মে নির্ধারিত অন্যান্য সুবিধাদি এবং চাকরি সমাপনান্তে গ্র্যাচুইটি ও কোম্পানির বিধি অনুযায়ী সংশ্লিষ্ট সুবিধাদি প্রাপ্য হবেন। এমপ্লয়ী নিজে তার আয়কর জমা প্রদানে বাধ্য থাকবেন।

৬. শর্তাবলী:

৬.১) প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর (১৩.০৪.২০২১ খ্রি. তারিখে) এর মধ্যে হতে হবে। কোনক্রমেই জন্মতারিখ/ বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়। নির্ধারিত বয়সসীমার মধ্যে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ডিপিডিসি'র নিজস্ব এমপ্লয়ী প্রার্থীদের জন্য আবেদনের বয়সসীমা চাকুরিবিধি অনুযায়ী শিথিলযোগ্য।

৬.২) সততা,সাহসিকতা এবং পারস্পরিক সমন্বয়ে কাজ করায় দক্ষ হতে হবে।

৬.৩) প্রার্থীকে কোম্পানির আওতাধীন যে কোনো এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে এবং বাধ্যতামূলক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

৬.৪) নিয়োগের বিষয়ে যে কোনো ধরনের তদবির, অবৈধ যোগাযোগ প্রচেষ্টার জন্য প্রার্থীর আবেদনপত্র বাতিল হতে পারে। আবেদনের গ্রহণযোগ্যতা বা অন্যান্য বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

৬.৫) আগ্রহী প্রার্থীগণ ডিপিডিসির 'ওয়েবসাইট' [www.dpdc.gov.bd](http://www.dpdc.gov.bd)-এর মাধ্যমে 'অনলাইন' পদ্ধতিতে আবেদন দাখিল করবেন। এক্ষেত্রে নির্দিষ্ট ফর্মে নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সাইজের প্রার্থীর ছবি, স্বাক্ষর ও সনদপত্র সংযুক্ত করতে হবে। প্রার্থীকে Rocket (DBBL Mobile Banking) অথবা NAGAD মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১,০০০/-টাকা (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করে আগামী ১৩.০৪.২০২১ খ্রি. তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। এক্ষেত্রে ডিপিডিসির 'ওয়েবসাইট' [www.dpdc.gov.bd](http://www.dpdc.gov.bd)-এ প্রদত্ত প্রয়োজনীয় নির্দেশনা অনুসরণ করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

ডেপুটি জেনারেল ম্যানেজার

এমপ্লয়ী ম্যানেজমেন্ট (আডমিনিস্ট্রেশন), হিউম্যান রিসোর্সেস, ডিপিডিসি

বিদ্যুৎ ভবন (৪র্থ তলা), ১, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।

Form no.: HR/RSA/03/428